

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১১. তীর নিক্ষেপ, উট কিংবা ঘোড় দৌড় অথবা ইসলামের যে কোন ফায়দায় আসে এমন কোন প্রতিযোগিতা ছাড়া অন্য যে কোন প্রতিযোগিতার ব্যবস্থা করা

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সা.) ইরশাদ করেন:

لا سَبَقَ إِلاَّ فِيْ خُفٍّ أَوْ فِيْ حَافِرٍ أَوْ نَصلْ

"তীর নিক্ষেপ, উট বা ঘোড় দৌড়ের প্রতিযোগিতা ছাড়া অন্য কোন প্রতিযোগিতা ইসলামে নেই"।[1] উক্ত প্রতিযোগিতাগুলো একদা জিহাদের কাজে লাগতো। তাই ইসলাম এগুলোর প্রতি উৎসাহ জুগিয়েছে এবং এগুলোর ব্যাপারে পুরস্কার বা বিনিময় বিতরণও জায়িয করেছে। অতএব এখনো যে সকল প্রতিযোগিতা জিহাদ ও ইসলাম প্রচারের কাজে আসে সে সকল প্রতিযোগিতা জায়িয এবং সেগুলোর ব্যাপারে পুরস্কার বা বিনিময় বিতরণ করাও জায়িযে। এ ছাড়া অন্য সকল প্রতিযোগিতা হারাম ও জুয়া সমতুল্য।

ফুটনোট

>

[1] (আবু দাউদ, হাদীস ২৫৭৪)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11261

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন